গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.rajshahi.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১০০.০১৭.০২.০০২.১৮. ১০২৯

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

## আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়ন সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

রাজশাহী জেলা ম্যাজিস্ট্রেসির আওতাধীন সকল বৈধ আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারী এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত সময়সূচি মোতাবেক নির্ধারিত স্থানে ২০২৫ সালের জন্য আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করা হবে। যথাসময়ে উপস্থিত হয়ে স্ব-স্ব আগ্নেয়াস্ত্র প্রদর্শন সাপেক্ষে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের রাজনৈতিক অধিশাখা-৪ এর স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৭.৩৯.০০১.১৫-৮২৬, তারিখ: ০৩ আগস্ট ২০১৬ মোতাবেক জারিকৃত 'আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা-২০১৬' এর আলোকে নির্ধারিত নবায়ন ফি জমা প্রদানপূর্বক আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

| ক্র: নং | উপজেলা/ অধিক্ষেত্রের নাম | নবায়নের স্থান | নবায়নের তারিখ ও সময় | নবায়নকারী বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের নাম |
|---|---|---|---|---|
| ০১. | দুর্গাপুর | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় পুঠিয়া, রাজশাহী | ০২.১২.২০২৪ খ্রি.তারিখ সকাল ১০:০০টা হতে দুপুর ৩:০০টা | জনাব অয়ন ফারহান শামস সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট রাজশাহী |
| ০২. | পুঠিয়া | | | |
| ০৩. | বাগমারা | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় মোহনপুর, রাজশাহী | ০৩.১২.২০২৪ খ্রি. তারিখ সকাল ১০:০০ টা হতে দুপুর ৩:০০টা | জনাব মো: রাহাতুল করিম মিজান সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট রাজশাহী |
| ০৪. | মোহনপুর | | | |
| ০৫. | তানোর | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় তানোর, রাজশাহী | ০৪.১২.২০২৪ খ্রি. তারিখ সকাল ১০:০০টা হতে দুপুর ৩:০০টা | জনাব ফাবলিহা আনবার সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট রাজশাহী |
| ০৬. | গোদাগাড়ী | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় গোদাগাড়ী, রাজশাহী | ০৫.১২.২০২৪ খ্রি. তারিখ সকাল ১০:০০টা হতে দুপুর ৩:০০টা | জনাব লায়লা নূর তানজু সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রাজশাহী |
| ০৭. | বাঘা | জেলা প্রশাসকের কার্যালয়, জুডিসিয়াল মুন্সিখানা শাখা, রাজশাহী (৩য় তলা, কক্ষ নং-৩০৪) | ০৮.১২.২০২৪ খ্রি. তারিখ সকাল ১০:০০টা হতে দুপুর ৩:০০টা | জনাব আশিক জামান সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রাজশাহী |
| ০৮. | চারঘাট | | | |
| ০৯. | পবা | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় পবা, রাজশাহী | ০৯.১২.২০২৪ খ্রি. তারিখ সকাল ১০:০০ টা হতে দুপুর ৩:০০টা | জনাব মো: মাহফুজুর রহমান সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রাজশাহী |
| ১০. | (শুধুমাত্র মুক্তিযোদ্ধা/সরকারী কর্মকর্তা/সামরিক কর্মকর্তা/অবসরপ্রাপ্ত কর্মকর্তার জন্য প্রযোজ্য) | জেলা প্রশাসকের কার্যালয় জুডিসিয়াল মুন্সিখানা শাখা, রাজশাহী (৩য় তলা, কক্ষ নং-৩০৪) (শুধুমাত্র মুক্তিযোদ্ধা/ সরকারীকর্মকর্তা/সামরিক কর্মকর্তা/ অবসরপ্রাপ্ত কর্মকর্তার জন্য প্রযোজ্য) | ১১.১২.২০২৪ খ্রি. তারিখ সকাল ১০:০০টা হতে দুপুর ৩:০০টা | জনাব লিয়াকত সালমান সিনিয়র সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট রাজশাহী |
| ১১. | রাজশাহী মহানগরাধীন থানাসমূহ | জেলা প্রশাসকের কার্যালয়, জুডিসিয়াল মুন্সিখানা শাখা রাজশাহী (৩য় তলা, কক্ষ নং-৩০৪) | ১৫, ১৭, ১৮, ২২ ডিসেম্বর ২০২৪ সকাল ১০:০০টা হতে দুপুর ৩:০০টা | জনাব লিয়াকত সালমান সিনিয়র সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট রাজশাহী |

উল্লেখ্য, নিয়োজিত নবায়নকারী বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট প্রশাসনিক কাজে ব্যস্ত থাকলে তাঁর প্রতিকল্প এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট অথবা জুডিসিয়াল মুন্সিখানা শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তা অথবা এ কার্যালয়ের যেকোন শাখায় নিয়োজিত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট উক্ত নবায়ন কার্য সম্পাদন করবেন।

### আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়নের শর্তাবলী:

০১. 'আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা-২০১৬' এর নবায়ন ফি সংক্রান্ত (৩০.ক.১) (৩০.ক.২) (৩০.ক.৩) (৩০.ক.৪) (৩০.ক.৫) অনুচ্ছেদ অনুযায়ী নিম্নোক্তভাবে প্রতি আগ্নেয়াস্ত্রের জন্য লাইসেন্স নবায়ন ফি নির্ধারিত হবেঃ

| অনু: | ধরণ | অস্ত্রের বিবরণ | লাইসেন্স নবায়ন ফি | ১৫% ভ্যাট | ১০% আইটি | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|
| ৩০.ক.১ | ব্যক্তি পর্যায়ে | পিস্তল/রিভলবার | ১০,০০০/- (দশ হাজার) টাকা | ১,৫০০/- | ১,০০০/- | ১২,৫০০/- |
| | | বন্দুক/শটগান/রাইফেল | ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা | ৭৫০/- | ৫০০/- | ৬,২৫০/- |
| ৩০.ক.২ | আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক পর্যায়ে | লং ব্যারেল | ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা | ৭৫০/- | ৫০০/- | ৬,২৫০/- |
| ৩০.ক.৩ | প্রতিষ্ঠান পর্যায়ে | লং ব্যারেল | ১০,০০০/- (দশ হাজার) টাকা | ১,৫০০/- | ১,০০০/- | ১২,৫০০/- |
| ৩০.ক.৪ | ডিলার এবং মেরামতকারী প্রতিষ্ঠান | - | ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা | ৭৫০/- | ৫০০/- | ৬,২৫০/- |
| ৩০.ক.৫ | সেফ কিপিং | - | ৩,০০০/- (তিন হাজার) টাকা | ৪৫০/- | ৩০০/- | ৩,৭৫০/- |

০২. করমুক্ত লাইসেন্সধারীগণ ব্যতীত অন্যান্য আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারীগণকে নির্ধারিত নবায়ন ফি বাবদ কোড নং-**১৪২২১০২**, নবায়ন ফি এর উপরে ১৫% হারে ভ্যাট কর্তন বাবদ কোড নং-**১১৪১১০১** এবং নবায়ন ফি এর উপরে ১০% হারে আয়কর কর্তন বাবদ কোড নং-**১১১১১০১** এ অটোমেটেড চালানের মাধ্যমে সরকার অনুমোদিত যে কোন ব্যাংকের যেকোন শাখায় জমা প্রদানপূর্বক চালানের মূলকপি দাখিল করতে হবে।

০৪. সনদপ্রাপ্ত (সরকারি গেজেটে বিজ্ঞাপিত) মুক্তিযোদ্ধা, রাষ্ট্রীয় সাংবিধানিক পদে কর্মরত ব্যক্তিবর্গ ও প্রথম শ্রেণির স্থায়ী সরকারী (চাকুরীরত ও অবসরপ্রাপ্ত) কর্মকর্তাদের ক্ষেত্রে (পিস্তল/রিভলবার/শটগান/রাইফেল) আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়ন ফি এর বিষয়ে 'আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা-২০১৬' অনুযায়ী ব্যবস্থা গৃহীত হবে **(প্রমাণক দাখিল সাপেক্ষে)।**

০৫. 'আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা-২০১৬' এর ৩১(ছ) অনুচ্ছেদ অনুযায়ী প্রতিবার লাইসেন্স নবায়নের ক্ষেত্রে আবশ্যিকভাবে লাইসেন্সধারীর সাক্ষাৎকার গ্রহণ করে অস্ত্র ব্যবহারে শারীরিক ও মানসিক সক্ষমতা নিশ্চিত হয়ে লাইসেন্স নবায়ন করা হবে। তবে, লাইসেন্সধারী ৮০ বছরের উর্ধ্বে হলে লাইসেন্স নবায়নযোগ্য হবে না (বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ/এসএসসি পাশ সনদ/পাসপোর্ট এগুলোর যেকোন একটির কপি সাথে নিয়ে আসতে হবে)।

০৬. লাইসেন্স নবায়নের সময় লাইসেন্সধারী ব্যক্তিগণকে স্ব-স্ব আগ্নেয়াস্ত্র এবং গুলি/কার্তুজ প্রদর্শন করতে হবে। অস্ত্র থানায় জমা থাকলে জমা দেয়ার হালনাগাদ প্রমাণপত্র প্রদর্শন করতে হবে।

০৭. 'আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা-২০১৬' এর ৩৫(ক) নং অনুচ্ছেদ অনুযায়ী আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রাপ্তির ০৫ (পাঁচ) বছরের মধ্যে অস্ত্র ক্রয় না করলে লাইসেন্সটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে নবায়ন করা হবে না।

০৮. 'আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা-২০১৬' এর ৩১(চ) নং অনুচ্ছেদ অনুযায়ী রাজশাহী জেলা ব্যতীত অন্য জেলা ম্যাজিস্ট্রেসি হতে ইস্যুকৃত আগ্নেয়াস্ত্রের লাইসেন্স (ডিলিং/রিপিয়ারিং/সেফ কিপিং লাইসেন্স ব্যতীত) এ জেলা ম্যাজিস্ট্রেসিতে নবায়নের ক্ষেত্রে জেলা ম্যাজিস্ট্রেট বরাবরে লিখিতভাবে সন্তোষজনক কারণ ব্যাখ্যা করে আবেদন জানাতে হবে।

২৮/১১/২৪

আফিয়া আখতার
জেলা ম্যাজিস্ট্রেট
রাজশাহী
ফোন : ০২৫৮৮৮৫২০৫০ (অফিস)
e-mail: dcrajshahi@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.rajshahi.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১০০.০১৭.০২.০০২.১৮. ১০২৮(১০০)

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩. পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী
৪. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট,............................................................(সকল)
৫. উপ-পুলিশ কমিশনার (সদর), আরএমপি, রাজশাহী
৬. পুলিশ সুপার, ..........................................................................(সকল)
৭. ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, রাজশাহী ক্যান্টনমেন্ট, রাজশাহী
৮. উপজেলা নির্বাহী অফিসার................................(সকল), রাজশাহী (নোটিশ বোর্ডে প্রদর্শন ও বহুল প্রচারের অনুরোধসহ)
৯. জনাব ...............................................................................সিনিয়র/সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রাজশাহী
১০. উপ-পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, রাজশাহী/জেলা তথ্য অফিসার, রাজশাহী (মাইক দ্বারা বিজ্ঞপ্তি বহুল প্রচারের অনুরোধসহ)
১১. পরিচালক, জেলা তথ্য অফিস, রাজশাহী (বিজ্ঞপ্তি বহুল প্রচারের অনুরোধসহ)
১২. প্রশাসক ........................উপজেলা পরিষদ (সকল), রাজশাহী
১৩. প্রশাসক ........................... পৌরসভা (সকল), রাজশাহী
১৪. অফিসার- ইন-চার্জ .......................... (সকল থানা), রাজশাহী (বহুল প্রচারের অনুরোধসহ)
১৫. প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী (জেলা প্রশাসনের ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ)
১৬. ডিজিএম/জিএম/এজিএম.....................ব্যাংক, রাজশাহী (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট ব্যাংক শাখাকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ)
১৭. সভাপতি/সম্পাদক, জেলা প্রেস ক্লাব/ মেট্রোপলিটন প্রেস ক্লাব, রাজশাহী (অফিসের নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)
১৮. সম্পাদক, রাজশাহী রাইফেল ক্লাব/শ্যুটিং ক্লাব, রাজশাহী (অফিসের নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)
১৯. চেয়ারম্যান........................... ইউনিয়ন পরিষদ (সকল), রাজশাহী (স্ব-স্ব এলাকার হাট বাজারে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
২০. পরিচালক/স্বত্বাধিকারী............................................., কেবল নেটওয়ার্ক, রাজশাহী (বহুল প্রচারের অনুরোধসহ)
২১. ..........................................,জুডিসিয়াল মুন্সিখানা শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী (নবায়ন কার্যে সার্বিক সহযোগিতা ও রেজিস্টারসমূহ উপস্থাপনের জন্য নির্দেশ প্রদান করা হলো)

২৮/১১/২৪

জেলা ম্যাজিস্ট্রেট
রাজশাহী